প্রেস ক্লিপিং


**বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন**
বৈজ্ঞানিক তথ্য বিভাগ
পরমাণু ভবন
ই-১২/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোন : ৮১৮ ১৮ ১৫
৮১৮ ১৮ ২৬
ফ্যাক্স : ৮১৮ ১৮ ২৬
ই-মেইল : sidbaec@yahoo.com


সংবাদপত্রের নাম : দৈনিক ইত্তেফাক    প্রকাশের তারিখ : ২০-৯-২০১৮    পৃষ্ঠা : ১৬

"শেখ হাসিনার দর্শন সব মানুষের উন্নয়ন"

## বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন


"পরমাণু ভবন"
ই-১২/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.baec.gov.bd. Phone No- 8181846, Fax: 88-02-8181842


নং- ৩৯.০১.০০০০.২১৮.১১.০০১.১৮-৯৬১    তারিখ: ০৪ আশ্বিন ১৪২৫
১৯ সেপ্টেম্বর ২০১৮

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের Institute of Nuclear Medical Physics- এর জন্য অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজিত নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে: -

| ক্রমিক নং | পদের নাম ও বেতন-স্কেল | ১৮/১০/২০১৮ খ্রি. তারিখে বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | সায়েন্টিফিক অফিসার<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ৩০ বছর | ০৭ (সাত)টি মেডিকেল ফিজিক্সঃ ৫টি কেমিস্ট্রিঃ ২টি | এসএসসি হতে পরবর্তী পরীক্ষাসমূহে তিনটি প্রথম বিভাগ/শ্রেণীসহ ফিজিক্স/মেডিকেল ফিজিক্স/কেমিস্ট্রি/সংশ্লিষ্ট বিষয়-এ এমএসসি ডিগ্রী। সকল ক্ষেত্রে মাষ্টার্সে মেডিকেল ফিজিক্স/ক্রোমাটোগ্রাফি/ সিনথেসিস বিষয়ে থিসিস সম্পন্নকারীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২. | মেডিকেল অফিসার<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ৩০ বছর | ০৫ (পাঁচ) টি রেডিয়েশন অনকোলজি: ৩টি<br>রেডিওলজি: ১টি<br>নিউক্লিয়ার মেডিসিন: ১টি | এসএসসি অথবা এইচএসসিতে প্রথম বিভাগসহ এমবিবিএস ডিগ্রী কমপক্ষে ৬০% নম্বর থাকতে হবে।<br>রেডিয়েশন অনকোলজি/রেডিওলজি/নিউক্লিয়ার মেডিসিন বিষয়ে অভিজ্ঞ/ডিগ্রীধারী প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৩. | অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ৩৫ বছর | ০১ (এক)টি | সকল পরীক্ষায় ভাল ফলাফলসহ (ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী) এমএ/এমএসসি/এমবিএ ডিগ্রী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>দ্বিতীয় বিভাগ/শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ প্রশাসনিক কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এসএসসি/এইচএসসি-তে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। |
| ০৪. | এক্সপেরিমেন্টাল অফিসার<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ৩৫ বছর তবে বিশেষ ক্ষেত্রে ৩৭ বছর শিথিলযোগ্য | ০১ (এক)টি | এসএসসি অথবা এইচএসসি-তে প্রথম বিভাগ/শ্রেণীসহ বিএসসিতে প্রথম বিভাগ/শ্রেণী। সংশ্লিষ্ট কাজে ০৯ (নয়) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স বিষয়ে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৫. | লাইব্রেরিয়ান<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ৩০ বছর | ০১ (এক)টি | সকল পরীক্ষায় ভাল ফলাফলসহ লাইব্রেরী সায়েন্সে প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৬. | সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার<br>১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ৩০ বছর | ০১ (এক)টি | এসএসসি/এইচএসসি-তে ভাল ফলাফলসহ ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ প্রথম শ্রেণীর ডিপ্লোমা।<br>মেডিকেল লিনাক, পেট-সিটি এবং সেন্ট্রাল এসি ইত্যাদি যন্ত্রপাতি কমিশনিং, পরিচালনা, রিপেয়ার-মেইনটেনেন্স ইত্যাদি কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৭. | টেকনিশিয়ান-২<br>৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | ৩০ বছর | ০২ (দুই)টি | এইচএসসি (সায়েন্স) অথবা এসএসসি (সায়েন্স)সহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড সার্টিফিকেট অথবা ০৪ বছরের সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ট্রেড সার্টিফিকেট।<br>নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স বিষয়ে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৮. | ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট<br>৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯) | ৩০ বছর | ০৯ (নয়)টি | এসএসসি (বিজ্ঞান) অথবা সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড সার্টিফিকেট। নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স বিষয়ে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৯. | সিকিউরিটি এ্যাটেনডেন্ট<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ৩৫ বছর | ০৩ (তিন)টি | অষ্টম শ্রেণি পাস। নিরাপত্তা কাজে অভিজ্ঞতা সম্পন্ন সেনাবাহিনী/বিডিআর/পুলিশ/ আনসার হতে অবসরপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনপত্র আগামী ১৮/১০/২০১৮ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জিইপি/রেজিস্ট্রি ডাক/কুরিয়ার সার্ভিসযোগে সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, পরমাণু ভবন, ই-১২/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর পৌছাতে হবে। নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০২। প্রার্থীগণকে খামের উপর প্রার্থীত পদের নাম ও কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সায়েন্টিফিক অফিসার পদের ক্ষেত্রে পদের নামের পাশাপাশি ব্রাকেটে সুনির্দিষ্ট বিষয়ের নামও উল্লেখ করতে হবে।

০৩। পরীক্ষায় অবতীর্ণ (অ্যাপিয়ার্ড) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৪। আবেদনপত্রের সাথে ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত উল্লেখিত পদের জন্য ৪০০/- (চারশত) টাকার পোস্টাল অর্ডার এবং ক্রমিক নং-০৭ হতে ০৯-এ উল্লেখিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকার পোষ্টাল অর্ডার সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের অনুকূলে সংযুক্ত করতে হবে।

০৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি-নাতনিদের এবং প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের এফিডেবিট গ্রহণযোগ্য নয়।

০৬। সরকারী নিয়োগ বিধি অনুসারে মেধা কোটা, জেলা কোটা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি নাতনী কোটা, মহিলা কোটা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলের সদস্য কোটা, সরকারী/বেসরকারী এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটা সংরক্ষণ করা হবে।

০৭। ক্রমিক নং-০৭-এ টেকনিশিয়ান-২ পদে ঢাকা, নারায়ণগঞ্জ, ফরিদপুর, শরিয়তপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, রাঙ্গামাটি, রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলা ব্যতীত অন্য জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।

০৮। ক্রমিক নং-০৮ ও ০৯-এ ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট ও সিকিউরিটি এ্যাটেনডেন্ট পদে ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, লক্ষীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, যশোর, ঝিনাইদহ, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলা ব্যতীত অন্য জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।

০৯. সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের পদবী, বেতন স্কেল ও মূল বেতন উল্লেখপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

১০. সরকার নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা এ অফিসের website: www.baec.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

১১। আবেদনপত্রের সাথে পোষ্টাল অর্ডার এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ব্যতীত আর কোন কাগজপত্রের অনুলিপি জমা দেয়ার প্রয়োজন নেই। প্রত্যেক প্রার্থীকে স্পষ্ট অক্ষরে বাংলায় আবেদন করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। প্রত্যেক প্রার্থীকে আবেদনের সাথে ০৫ (পাঁচ) টাকা মূল্যমানের ডাক টিকেটসহ তাঁর বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ৯$\frac{১}{২}$ ইঞ্চি লম্বা এবং ৪$\frac{১}{২}$ ইঞ্চি প্রস্ত সাইজের ০১ (এক)টি ফেরত খাম অবশ্যই সংযুক্ত করতে হবে।

১৩। নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের বর্তমান ঠিকানায় যথাসময়ে প্রবেশপত্র প্রেরণ করা হবে। লিখিত/মৌখিক বা ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভাতা প্রদান করা হবে না। লিখিত/মৌখিক বা ব্যবহারিক পরীক্ষার সময় সূচী বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের website: www.baec.gov.bd-এ প্রকাশ করা হবে।

১৪। প্রার্থী নিয়োগপ্রাপ্ত হলে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের Institute of Nuclear Medical Physics, পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, সাভার, ঢাকায় চাকুরী করতে বাধ্য থাকবেন।

১৫। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের Institute of Nuclear Medical Physics স্থাপন প্রকল্পে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। সেক্ষেত্রে প্রার্থীদের প্রকল্প বাস্তবায়নকালীন প্রকল্পে কর্মরত ছিলেন মর্মে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১৬। সকল পদের ক্ষেত্রে নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স ইনস্টিটিউটে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

১৭। যে কোনো ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে এবং তার আবেদনপত্র তাৎক্ষণিক বাতিল করা হবে। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ভারপ্রাপ্ত পরিচালক
সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

স-২৬২৭ (১৫×৪)

# আবেদনের নির্ধারিত ফরম

৫ × ৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা ০৩ কপি)

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম: | | তারিখ: |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর | | |
| ৫. | জন্ম তারিখ | | ৬. জন্মস্থান(জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস / দিন |
| ৮. | মাতার নামঃ | | |
| ৯. | পিতার নামঃ | | |

| | | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্টকোড় নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল(যদি থাকে) |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য(উল্লেখ করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | | তারিখ: |
| | ব্যাংক ও শাখার নাম | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যা | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মুল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

প্রার্থীর স্বাক্ষর